



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

(একই তারিখ ও স্মারকের সংশোধিত পত্র)

স্মারক নং- বশিবি/বিআ/২০১৬/২২৫৬

তারিখ: ১৬ অক্টোবর, ২০১৬ খ্রি.
৩০ অক্টোবর, ২০১৬ খ্রি.

বিষয়ঃ মাধ্যমিক পর্যায়ে (ইংরেজি ভার্সন) পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের ০১/১১/২০১৬ ইং তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩-৩৬৮ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্ন বর্ণিত শর্ত সমূহ পূরণ সাপেক্ষে আপনার বিদ্যালয়ে ০১/০১/২০১৬ ইং তারিখ হতে ৩১/১২/২০১৭ ইং তারিখ পর্যন্ত মোট ০২ (দুই) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে (ইংরেজি ভার্সন) বিজ্ঞান ও মানবিক বিভাগে পাঠদানের অনুমতি প্রদান করা হলো। প্রকাশ থাকে যে, নিম্ন আরোপিত শর্তসমূহ পূরণ পূর্বক যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে পাঠদানের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পাওয়া গেলে পরবর্তী মেয়াদ বৃদ্ধির বিষয় বিবেচিত হবে। উল্লেখ্য কর্তৃপক্ষ এ আদেশ যে কোন সময় যে কোন কারণে স্থগিত কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

আরোপিত শর্তসমূহঃ

- ০১। নিয়োগকৃত জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ০২। কখনো এমপিও দাবী করা যাবে না।
- ০৩। এনটিআরসিএ সনদধারী শিক্ষক নিয়োগ প্রদান করতে হবে।
- ০৪। বিদ্যালয়ের সকল শিক্ষক - কর্মচারীদের সময়মত ও নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ০৫। এনসিটিবি প্রণীত (ইংরেজি ভার্সন) কারিকুলাম অনুসরণ করতে হবে।
- ০৬। বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন করে শ্রেণি কক্ষে পাঠদান করতে হবে।
- ০৭। শিক্ষার গুণগতমান নিশ্চিত করতে হবে।
- ০৮। জাতীয় দিবস সমূহ যথাযোগ্য মর্যাদায় প্রতিপালন করতে হবে।
- ০৯। বিদ্যালয়ের সকল কার্যক্রম অন-লাইনে সম্পন্ন করতে হবে।
- ১০। বিদ্যালয়ের লাইব্রেরীতে তথ্য প্রযুক্তির বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ১১। ব্যবহারিক বিষয় সমূহের নিয়মিত ব্যবহারিক ক্লাশ নিতে হবে।
- ১২। পর্যায়ক্রমে সকল শিক্ষকদের কম্পিউটার শিক্ষা বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ১৩। নিয়মিত মাল্টিমিডিয়া মাধ্যমে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
- ১৪। কর্তৃপক্ষের আদেশ মেনে চলতে হবে।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল।

barisalboard@gmail.com

প্রধান শিক্ষক

জাহানারা ইসরাইল স্কুল

বরিশাল সদর, বরিশাল।

বিতরণঃ

- ০১। উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল
- ০২। জেলা শিক্ষা অফিসার, বরিশাল
- ০৩। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৪। একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৫। অত্র বোর্ডের মাধ্যমিক নিবন্ধন বিভাগ
- ০৬। অত্র বোর্ডের পরীক্ষা বিভাগ
- ০৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বরিশাল সদর, বরিশাল
- ০৮। সংরক্ষণ নথি